



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৪ জুন ২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

রামগড়ে ইউপিডিএফ কর্মীদের ওপর সেনাবাহিনীর হামলা-হত্যাকাণ্ডের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা সংগঠক অংগ্য মারমা আজ বুধবার (২৪ জুন ২০২৬) এক বিবৃতিতে রামগড়ে সেনাবাহিনী কর্তৃক এক ইউপিডিএফ কর্মীকে গুলি করে হত্যা ও অপর এক কর্মীকে আহত অবস্থায় আটকের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

সংবাদ মাধ্যমে দেওয়া বিবৃতিতে তিনি বলেন, আজ সকাল ১০টার সময় রামগড় উপজেলার প্রেমতলা নামক স্থানে আগে থেকে গুঁৎ পেতে থাকা সেনাবাহিনীর একদল সদস্য ইউপিডিএফ কর্মীদের ওপর হামলা চালায়। এতে সেনাদের গুলিতে ববিন ত্রিপুরা (৩২) নামে একজন নিহত হয় ও মংসানু মারমা ওরফে জীবন (২৯) নামে একজনের সন্ধান পাওয়া যাচ্ছে না। তাকে আহত অবস্থায় আটক করা হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

বিবৃতিতে অংগ্য মারমা উক্ত ঘটনাকে পরিকল্পিত হত্যাকাণ্ড উল্লেখ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে ইউপিডিএফের নেতৃত্বে চলমান ন্যায়সঙ্গত আন্দোলনকে বানচাল করে দেয়ার লক্ষ্যে সেনাবাহিনী এ ধরনের বিচার বহির্ভূত অমানবিক কর্মকাণ্ড পরিচালনা করছে। তবে যতই দমন-পীড়ন ও হত্যাকাণ্ড চালানো হোক না কেন ইউপিডিএফের নেতৃত্বে সংগঠিত গণআন্দোলনকে স্তব্ধ করা যাবে না

তিনি “সেনাবাহিনীর সাথে ইউপিডিএফের গোলাগুলি ও অস্ত্র উদ্ধারের” দাবিকে মিথ্যা ও বানোয়াট উল্লেখ করে তা নাকচ করে দেন।

ইউপিডিএফ নেতা অবিলম্বে ইউপিডিএফের ওপর রাজনৈতিক দমন পীড়ন বন্ধ, উক্ত খুনের ঘটনায় জড়িত সেনা সদস্যদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ এবং আটক ইউপিডিএফ সদস্যকে মুক্তি দেয়ার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)